

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
০৫ নং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ  
বোয়ালমারী, ফরিদপুর  
ওয়ার্ড সভার কার্যবিবরণী

ওয়ার্ডঃ ০৫

সভাপতি

ঃ মোঃ তৈয়ব ঠাকুর

সদস্য, ০৫ নং ওয়ার্ড, বোয়ালমারী ইউনিয়ন পরিষদ।

উপদেষ্টা

ঃ মোসাঃ রোকসানা (সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬)

সভার তারিখ

ঃ ১৩/০৭/২০২২

সময়

ঃ বিকাল ৩ টা

স্থান

ঃ চালিনগর বাজার

সভার উপস্থিতির ছবি ও হাজিরা পরিশিষ্ট- 'ক' ও 'খ'

সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জনাব মোঃ আঃ হক শেখ, চেয়ারম্যান ০৫নং বোয়ালমারী ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ওয়ার্ড সভার লক্ষ্য উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা এবং ওয়ার্ড সভার আয়োজনে স্থানীয় সরকার আইন-২০০৯ এর বাধ্যবাধকতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় সভাপতি সাহেব বিগত বছরের গৃহীত কার্যক্রম সভায় তুলে ধরেন। বর্তমান পর্যদের যে সমস্ত কার্যক্রম বাস্তবায়ন হয়েছে এবং যে গুলো চলমান রয়েছে তার বিস্তারিত তুলে ধরেন। পরবর্তী মেয়াদে তিনি কী কী করতে চান বা কীভাবে করতে চান তার পরিকল্পনা বিষয়বস্তু তুলে ধরেন। এছাড়া তিনি পর্যদের বাকী মেয়াদে জনগণের কাছ হতে প্রাপ্ত ক্ষীমগুলো অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে আশ্বাস দেন। সভার সঞ্চালনা করেন ইউপি সচিব জনাব তরুন সরকার। এছাড়া সভায় এলাকা বাসীর মধ্যে মোঃ মাহবুব মোল্যা বক্তব্য রাখেন। সভায় উপস্থিত বিভিন্ন পেশাজীবীদেও মধ্যে হতে প্রাপ্ত ক্ষীম হতে বাস্তবায়ন যোগ্য তালিকা গ্রহণ করা হয়। প্রাপ্ত ক্ষীমসমূহ পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে একটি উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। সভায় নিম্নলিখিত ক্ষীমগুলো পাওয়া যায়।

ক্রঃনং	ওয়ার্ড নং	ক্ষীমের নাম	খাতের নাম	সম্ভাব্য ব্যয়	বাস্তবায়ন সময়কাল	মন্তব্য
০১	০২	০৫নং ওয়ার্ডে অগভীর নলকূপ স্থাপন	পানি সরবরাহ	৩০০০০০/-	২০২২-২০২৩	
০২	০২	কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ	কৃষি	৩০০০০০/-	২০২২-২০২৩	
০৩	০২	বিভিন্ন স্যানিট্যারি ল্যাট্রিন স্থাপন	স্বাস্থ্য	৩০০০০০/-	২০২২-২০২৩	
০৪	০২	চালিনগর হতে সোতাশী মাঠে যাওয়ার রাস্তায় রাস্তায় কালভার্ট স্থাপন	যোগাযোগ	৩০০০০০/-	২০২২-২০২৩	
০৫	০২	সোতাশী মাঠে পাঠ জাগ দেয়ার জন্য জলাধার তৈরী বিলে খাল	কৃষি	৬০০০০০/-	২০২২-২০২৩	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২। সভায় প্রাপ্ত ক্ষীমগুলো ইউনিয়নে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বিতরণ।

১। জেলা প্রশাসক, ফরিদপুর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।

৪। চেয়ারম্যান, বোয়ালমারী ইউনিয়ন পরিষদ। (ক্ষীম/প্রকল্প গ্রহণের অনুরোধ সহ)

৫। অফিস কপি।

মোঃ তৈয়ব ঠাকুর

সদস্য ০৫ নং ওয়ার্ড

সভাপতি, ওয়ার্ড সভা

বোয়ালমারী ইউনিয়ন পরিষদ